দৈনিক বাংলা

তারিখ ... 18 JUL 1997 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...

22

# কুষ্টিয়ার ৪৬ হাজার শিশু

পত্রিকান্তরে প্রকাশিত খবরে জানা গেছে, কুষ্টিয়া জেলায় ৪৬ হাজার ২শ ৩ জন শিশু প্রাথমিক স্কুলে যায় না। অর্থাৎ তারা শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে। প্রাথমিক শিক্ষালাভের ব্যাপারে এ অবস্থা শুধু কুষ্টিয়া জেলায় যে চলছে তা নয়, দেশের অন্যান্য এলাকায়ও চলছে। এ সংক্রান্ত খবরও ছাপা হয় বিভিন্ন দৈনিকে। সে খবর খুবই উদ্বেগজনক। কেননা, কেউই চায় না, শিশুরা শিক্ষার আলো থেকে বঞ্চিত হোক। এরপরও ভাগ্যের ফেরে হোক কিংবা দারিদ্র্যের কারণে হোক, শিশুদের ব্যাপক অংশ স্কুলে যাচ্ছে না। দেশে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী বহাল রয়েছে; যাতে গরীব শিশুরা স্কুলে যেতে পারে। এ কর্মসূচীর আওতায় স্কুলগামী ছাত্র-ছাত্রীদের সংখ্যা তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে। কিন্তু খাদ্য বিতরণের অনিয়মের কারণে সে কর্মসূচীর সফল বাস্তবায়ন হচ্ছে না। এছাড়াও স্কুল ও শিক্ষকের স্বল্পতার কারণে প্রাথমিক শিক্ষা কার্যক্রমও অনেকটা ব্যাহত হচ্ছে।

উল্লেখ্য, বর্তমান সরকার প্রাথমিক শিক্ষার অগ্রগতির জন্য ব্যাপক কর্মসূচী হাতে নিয়েছে। আগামী পঞ্চম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় সরকার কয়েক হাজার প্রাথমিক বিদ্যালয় নির্মাণের উদ্যোগ নিয়েছে। এছাড়াও সরকার এডিবি সহযোগিতায় প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অনেক পরিকল্পনা হাতে নিতে যাচ্ছে। এতে আশা করা যায়, প্রাথমিক শিক্ষার অগ্রগতি হবে। কিন্তু উদ্যোগ ও পরিকল্পনাগুলো বাস্তবায়নের ক্ষেত্রে যদি হেরফের হয়, তাহলে প্রাথমিক শিক্ষার অগ্রগতি ব্যাহত হওয়ার সম্ভাবনা দেখা দেবে। এবং এর পাশাপাশি সরকারের নিরক্ষরতা অভিযান ও সবার জন্য শিক্ষা কর্মসূচীও ব্যর্থ হওয়ার সম্ভাবনা দেখা দেবে। তাই সর্বাগ্রে প্রাথমিক শিক্ষা কর্মসূচীর সফল বাস্তবায়ন দরকার। আমরা আশা করি, এ কর্মসূচীর সফল বাস্তবায়ন হলে কুষ্টিয়ার ৪৬ হাজার শিশুসহ দেশের অন্যান্য এলাকার শিশুরা শিক্ষার আলোয় উদ্ভাসিত হবে।